

ছোট মৃত্যু (অর্থাৎ ঘুম) এবং বড় মৃত্যু(অর্থাৎ মৃত্যু)

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ

বিসমিল্লাহির রহমানির রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ ছোট মৃত্যু (অর্থাৎ ঘুম) এবং বড় মৃত্যু(অর্থাৎ মৃত্যু)

“আল্লাহই প্রাণ হরণ করেন জীব সমূহের তাদের মৃত্যুর সময় এবং যাদের মৃত্যু আসেনি তাদের প্রাণও হরণ করেন নিদ্রার সময়। পবিত্র কোরআনে সুরা আনআম আয়াতঃ ৬০, ৬১ এবং সুরা যুমার ৪২ নং আয়াতে এ কথাগুলো আল্লাহ বলেছেন।

সুরা ৬ আনআম, আয়াতঃ ৬০;৬১

وَهُوَ الَّذِي يَتَوَفَّاكُم بِاللَّيْلِ وَيَعْلَمُ مَا جَرَحْتُم بِالنَّهَارِ ثُمَّ يَبْعَثُكُمْ فِيهِ لِيُقْضَىٰ
أَجَلٌ مُّسَمًّى ثُمَّ إِلَيْهِ مَرْجِعُكُمْ ثُمَّ يُنَبِّئُكُم بِمَا كُنتُمْ تَعْمَلُونَ (60)

আর সেই মহা প্রভুই রাতিকালে নিদ্রারূপে তোমাদের নিকট এক প্রকার মৃত্যু ঘটিয়ে থাকেন, আর দিনের বেলা তোমরা যে পরিশ্রম করে থাক তিনি সেটাও সম্যক পরিজ্ঞাত; অতঃপর তিনি নির্দিষ্ট সময়কাল পূরণের নিমিত্তে তোমাদেরকে নিদ্রা থেকে জাগিয়ে থাকেন, তারপর পরিশেষে তাঁর কাছেই তোমাদেরকে ফিরে যেতে হবে, তখন তিনি তোমাদেরকে তোমাদের কৃত -কর্ম সম্পর্কে অবহিত করবেন।

click here [http://www.morningbrightness.fi/
@morningbrightness603](http://www.morningbrightness.fi/@morningbrightness603)

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>

وَهُوَ الْقَاهِرُ فَوْقَ عِبَادِهِ وَيُرْسِلُ عَلَيْكُمْ حَفَظَةً حَتَّىٰ إِذَا جَاءَ أَحَدَكُمْ الْمَوْتُ
تَوَفَّيْتُهُ رُسُلَنَا وَهُمْ لَا يُفَرِّطُونَ (61)

আর আল্লাহই স্বীয় বান্দাদের উপর পরাক্রমশালী। তিনি তোমাদের উপর পাহাড়াদার পাঠিয়ে থাকেন। এমনকি যখন তোমাদের কারো মৃত্যুর সময় উপস্থিত হয় তখন আমার প্রেরিত দূতগণ তার প্রাণ হরণ করে নেয়। এ ব্যপারে তারা বিন্দুমাত্র ত্রুটি করেন না।

সূরা আয যুমার ৩৯, আয়াতঃ ৪২

اللَّهُ يَتَوَفَّى الْأَنْفُسَ حِينَ مَوْتِهَا وَالَّتِي لَمْ تَمُتْ فِي مَنَامِهَا فَيُمْسِكُ الَّتِي قَضَىٰ
عَلَيْهَا الْمَوْتَ وَيُرْسِلُ الْأُخْرَىٰ إِلَىٰ أَجَلٍ مُّسَمًّى إِنَّ فِي ذَٰلِكَ لَآيَاتٍ لِّقَوْمٍ
يَتَفَكَّرُونَ (42)

আল্লাহই জান কবজ করেন জীবসমূহের তাদের মৃত্যুর সময় এবং যাদের মৃত্যু আসেনি তাদের জানও ঘুমের সময় অতঃপর যার জন্যে মৃত্যুর সিদ্ধান্ত করেন তার প্রাণ তিনি রেখে দেন এবং অপরগুলো তিনি ফিরিয়ে দেন, এক নির্দিষ্ট সময়ের জন্যে। অবশ্যই এতে নিদর্শন রয়েছে চিন্তাশীল সম্প্রদায়ের জন্যে।

একটি হাদীসঃ মুসলিম ৪/২০৮৪

হযরত আবু হুরায়রাহ(রাঃ) হতে বর্ণিত। রাসূল(সাঃ) বলেছেনঃ তোমরা যখন বিছানায় ঘুমাতে যাবে তখন তোমাদের বস্ত্র দ্বারা বিছানা ঝেড়ে নিবো। কারণ তোমরা জান না যে, তোমাদের বিছানা ত্যাগ করার পর ওতে কি এসেছে। অতঃপর সে যেন পাঠ করে

‘ হে আমার রব্ব!তোমার পবিত্র নামের বারাকাতে আমি শয়ন করছি এবং তোমার রহমতেই আমি জাগ্রত হব। যদি তুমি আমার প্রাণকে আটকিয়ে দাও তাহলে ওটার উপর দয়া কর, আর যদি ওটাকে পাঠিয়ে দাও তাহলে ওর এমনই হিফাজত কর যেমন তোমার সৎ বান্দাদের হিফাজত কর।

প্রিয় ভাই ও বোনেরা, যে কোন মুহূর্তে আমাদের মৃত্যু হতে পারে। সুতরাং আমরা ফরজ ইবাদত সালাত, যাকাত, সওম ও হজ্জ আদায় করি। সাথে সাথে বেশী বেশী আল্লাহকে সুরণ করি এবং নফল ইবাদত, দান খয়রাত ইত্যাদি করি।

আল্লাহ আমাদের সর্বাবস্থায় হেফাজত করুন।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুল্

.....